# বাংলাদেশ মাদ্রাসাশিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-৩৪৯/১৫৫

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ / ২৬ অক্টোবর ২০২৫

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।**

সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-৩৪৯/২৬; তারিখ: ২৪/০৫/২০২৫ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪২.১৫৩৭.০০০.১৬.০০১.২৫-৬৫৪; তারিখ: ০৬/০৮/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলা হাটহাজারী উপজেলাধীন মোহাম্মদীয়া হাশেমীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার অনুমোদিত এডহক কমিটি বাতিল করার জন্য একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, মাদ্রাসার সুপার ও অন্যান্য শিক্ষককে অবহিত না করে পরিচালনা কমিটির সদস্য জনাব মো: আবু ছরওয়ার গোপনে এডহক কমিটি অনুমোদন নিয়েছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার হাটহাজারী, চট্টগ্রাম কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, এডহক কমিটি গঠনের আবেদন যথাযথভাবে কর্তৃপক্ষের মাধ্যমে করা হয় নাই। মনোনীত ব্যক্তিগন বর্তমানে মাদ্রাসার সাথে সম্পৃক্ততা নাই। কমিটি গঠন প্রক্রিয়া ত্রুটিযুক্ত নিয়োগ প্রাপ্ত সদস্যগণ গ্রহণযোগ্য নহে।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমাণিত হওয়ায় অনুমোদিত এহডক কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি
মোহাম্মদীয়া হাশেমীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: বদিউল আলমহাট, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার
মোহাম্মদীয়া হাশেমীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসার সুপার
ডাকঘর: বদিউল আলমহাট, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম

নং-বামাশিবো/প্রশাসন/চট্টগ্রাম-৩৪৯/১৫৫

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ / ২৬ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

২৬.১০.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd